

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 27.11.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) বিধানসভায় আজও সংবিধানের ওপর আলোচনা হয়েছে। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে অনেক বেশি গণতন্ত্র আছে বলে অধ্যক্ষ মন্তব্য করেছেন।
- ২) কেন্দ্রীয় সরকার, সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে মিড ডে মিল প্রকল্পে মাথা পিছু বরাদ্দের পরিমাণ বাড়িয়েছে।
- ৩) ইএসআই হাসপাতালে চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বাড়ছে।
- ৪) বাংলাদেশে গ্রেপ্তার হওয়া ইস্কনের সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছে বিজেপি সহ বিরোধী দলগুলি। কেন্দ্রীয় সরকারেরই বিষয়টি দেখা উচিত বলে মনে করছে তৃণমূল কংগ্রেস।
- ৫) যাদবপুরের কিশোরভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে মহমেডান স্পোর্টিং ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হয়েছে।

---

দেশের অন্যান্য রাজ্যের তুলনায় এ রাজ্যে অনেক বেশি গণতন্ত্র আছে বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন। বিধানসভায় আজ সংবিধানের ওপর আলোচনার দ্বিতীয় দিনে জবাবি ভাষণে অধ্যক্ষ বলেন, এর সবথেকে বড় প্রমাণ হল বিধানসভা।

এখানে বিরোধীরা নিজেদের মনের কথা বলার সুযোগ পান। তাদের মার্শাল দিয়ে বের করে দেওয়া হয় না।

এর আগে বিরোধী দলের সদস্যরা আলোচনায় যোগ দিয়ে গণতন্ত্রের কণ্ঠরোধ করা সহ একাধিক অভিযোগ আনেন। এর জবাবে অধ্যক্ষ একথা বলেন। তিনি জানান, ২০২১ সালে বিরোধীদের সংখ্যা মাত্র ৭৮ জন হলেও বিধানসভার ৪২ টি স্থায়ী কমিটির মধ্যে ৩৭ টিতেই বিরোধী সদস্যদের রাখা হয়েছে। চেয়ারম্যানের পদ দেওয়া হয়েছে ১০ জনকে। শোভনদেব চট্টোপাধ্যায়, স্নেহাশিস চক্রবর্তী, সিদ্দিকুল্লা চৌধুরীর মত বক্তারা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সংবিধান লঙ্ঘন ও গণতন্ত্রকে ক্ষুণ্ণ করার অভিযোগ তোলেন। আলোচনা শেষে প্রস্তাবটি সভায় গৃহীত হয়।

---

ভারত ভুটান যৌথ নদী কমিশন গঠনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাতে একটি সর্বদলীয় প্রতিনিধি দল পাঠানোর উদ্যোগ নিতে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছেন। বিধানসভার দৃষ্টি আকর্ষণ পর্বে আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল বিষয়টি তুলে ধরেন। তিনি বলেন, ভুটানের নদীর জলে রাজ্যে যেমন বন্যার আশঙ্কা তৈরি হয়, তেমনই ডলোমাইটের পরিমাণ অত্যধিক বেশি হওয়ায় উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকা বিপদের মুখে পড়ছে। এরপরই অধ্যক্ষ, পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়কে উদ্যোগী হওয়ার নির্দেশ দেন।

---

শিশু শিক্ষার সঙ্গে যুক্ত সামগ্রিক বিষয় নিয়ে একটি বিল পাস করাতে বিধানসভায় এই সংক্রান্ত বেসরকারি সদস্য বিল জমা পড়েছে। বিজেপি পরিষদীয় দলের মুখ্য

সচেতক শংকর ঘোষ এই বিলটি জমা দিয়েছেন বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গিয়েছে। সাংবিধানিক নিয়ম মেনে আলোচনার আগে বিলটির সব দিক খতিয়ে দেখার জন্য সেটি আইন দপ্তরে পাঠানোর পরে প্রথমে সেটি মুখ্যমন্ত্রীর কাছে এবং সেখান থেকে সবুজ সংকেত পেলে রাজ্যপালের কাছে পাঠানো হবে বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আগেই জানিয়েছেন। এই দিকে বিধানসভার চলতি অধিবেশনে রাজ্যের প্রতি কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে আলোচনার জন্য একটি প্রস্তাব আসতে চলেছে। তৃণমূল কংগ্রেস পরিষদীয় দলের মুখ্য সচেতক নির্মল ঘোষের আনা এই প্রস্তাবের উপরে আগামী শুক্রবার দেড় ঘন্টা আলোচনা হবে বলে আজ অধ্যক্ষের পৌরহিত্য কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে স্থির হয়েছে।

-----

রাজ্যে বিদ্যুতের দাম নিয়ে অপপ্রচার চলছে বলে বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস দাবি করেছেন। বিধানসভায় প্রশ্নোত্তর পর্ব চলাকালীন তৃণমূল কংগ্রেস বিধায়ক অপূর্ব সরকারের এক প্রশ্নের জবাবে বিদ্যুৎ মন্ত্রী বিভিন্ন রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গের ইউনিট পিছু বিদ্যুৎ-এর দামের তুল্যমূল্য পরিসংখ্যান তুলে ধরেন। তিনি দাবি করেন, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, অসমের মত বিজেপি শাসিত রাজ্যগুলির তুলনায় এ রাজ্যে বিদ্যুতের দাম কম। পাশাপাশি বিদ্যুৎ ক্ষেত্রে সংস্কারের লক্ষ্যে একাধিক পদক্ষেপের কথাও উল্লেখ করেন তিনি। তার ছিঁড়ে যাতে বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত না হয়, সেজন্য আন্ডারগ্রাউন্ড কেবল বসানো হচ্ছে। সাগরদিঘি ও কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের আধুনিকীকরণের জন্য ২ হাজার ৪৫০ কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য। জঙ্গলমহলে ঝাড়গ্রাম, গোয়ালতোড় সহ বেশ কিছু জায়গায় মোট ১৯০ মেগাওয়াট ক্ষমতার

সৌরবিদ্যুত কেন্দ্র তৈরি করা হয়েছে বলেও বিদ্যুত মন্ত্রী ঐদিন বিধানসভায় জানিয়েছেন।

---

কেন্দ্রীয় সরকার পিএম পোষণ মিড ডে মিল প্রকল্পে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে পড়ুয়াদের জন্য খাওয়ার খরচের বরাদ্দ বৃদ্ধি করেছে। আজ শিক্ষা মন্ত্রক থেকে জারি করা এক নির্দেশিকায় বাল বাটিকা ও প্রাথমিক স্তরের পড়ুয়া ছাত্র ছাত্রীদের জন্য মাথাপিছু খরচের বরাদ্দ বৃদ্ধি করে ছ টাকা উনিশ পয়সা এবং উচ্চ প্রাথমিকে পড়ুয়াদের জন্য ৯ টাকা ২৯ পয়সা করা হয়েছে। পয়লা ডিসেম্বর থেকে এই বর্ধিত হার কার্যকরী হবে। এর মধ্যে ৯০% অর্থ দেবে কেন্দ্র বাকিটা রাজ্য সরকারকে বহন করতে হবে। তবে কেন্দ্রশাসিত রাজ্যগুলিতে প্রকল্পের সব খরচ কেন্দ্রীয় সরকার বহন করবে বলে জানানো হয়েছে।

---

রাজ্য সরকার ইএসআই হাসপাতালে চুক্তিভিত্তিক গ্রুপ-ডি কর্মীদের বেতন বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। চলতি মাস থেকেই তাদের মাসিক বেতন ১২০০০ টাকা থেকে বেড়ে পনেরো হাজার টাকা করা হচ্ছে বলে শ্রম দপ্তরের তরফে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। উল্লেখযোগ্য রাজ্যের ইএসআই হাসপাতাল গুলিতে কর্মরত ৮১৮ জন চুক্তিভিত্তিক গ্রুপ ডি কর্মীর বেতন বৃদ্ধির জন্য রাজ্য সরকার এর আগে চলতি বছরের বাজেটে ২৯৯ কোটি টাকা বরাদ্দ করেছিল।

---

উচ্চমাধ্যমিক পরীক্ষায় স্পর্শকাতর পরীক্ষা কেন্দ্রগুলিতে পরীক্ষার্থীরা যাতে কোন রকম ইলেকট্রনিক গ্যাজেট নিয়ে প্রবেশ করতে না পারে রাজ্য সরকার সেই সতর্কতায় আগামী বছর, কেন্দ্রগুলিতে রেডিও ফ্রিকোয়েন্সি ডিটেক্টর বসানোর সিদ্ধান্ত নিয়েছে। পাশাপাশি বাকি সব কেন্দ্রে মেটাল ডিটেক্টর বসাতে হবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে নির্দেশ দেওয়া হয়েছে। ভেনু সুপারভাইজারদের কাছে এই RFD যন্ত্র থাকবে বলে জানানো হয়েছে। এইজন্যে আগামী ৩১শে জানুয়ারির মধ্যে সব জেলার কাছ থেকে স্পর্শকাতর পরীক্ষা কেন্দ্রের রিপোর্ট চাওয়া হয়েছে। উল্লেখ্য আগামী তেসরা মার্চ থেকে রাজ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হবে।

---

বিজেপি, বাংলাদেশে গ্রেপ্তার হওয়া ইষ্কনের সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছে। ঐ সন্ন্যাসীর গ্রেপ্তারি এবং সেদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল আজ কলকাতায় বাংলাদেশ ডেপুটি হাই কমিশন অভিযান করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির নেতৃত্বে বিজেপি বিধায়করা রবীন্দ্র সদন থেকে ডেপুটি হাই কমিশন পর্যন্ত মিছিল করেন। ৮ জন বিধায়ককে ভিতরে যাওয়ার অনুমতি দেওয়া হয়। বিরোধী দলনেতা পরিষদীয় দলের মুখ্য সচেতক ডেপুটি হাই কমিশনে ডেপুটেশন দেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুভেন্দু বাবু জানান, বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের ওপর আক্রমণ মন্দির ভাঙচুর এবং সেদেশের ক্ষমতায় থাকা লোকেদের উচ্ছানিমূলক বক্তব্য বন্ধ করার দাবি জানানো হয়েছে। ডেপুটি হাই কমিশনার বিষয়টি বাংলাদেশ হাই কমিশন এবং সরকারকে জানানো বলে আশ্বাস দিয়েছেন। সোমবার সকাল ১০ টা থেকে পেট্রাপোল সীমান্তে পথ অবরোধ করার কথাও জানিয়েছেন বিরোধী দলনেতা।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, বাংলাদেশের বিষয়ে মন্তব্য করার অধিকার একমাত্র বিদেশমন্ত্রকের রয়েছে। তবে যা ঘটছে, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

এদিকে কংগ্রেস, চিন্ময়কৃষ্ণ দাসের গ্রেপ্তারির ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে। এক ভিডিও বার্তায় দলের বর্ষীয়াণ নেতা প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী একথা বলেন।

বাংলাদেশের ঘটনার প্রতিবাদে কংগ্রেস আজ কলকাতায় মোমবাতি মিছিল বের করে। বালিগঞ্জ ইস্কন মন্দির থেকে বাংলাদেশ হাইকমিশন পর্যন্ত মিছিলে নেতৃত্ব দেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

---

বাংলাদেশে হিন্দুদের ওপর অত্যাচারের অভিযোগ এবং ইস্কনের চিন্ময়কৃষ্ণ দাস প্রভুর গ্রেপ্তারির প্রতিবাদে আজ রাজ্যের বিভিন্ন স্থানে বিক্ষোভ অবরোধ চলে। উত্তর ২৪ পরগণার বনগাঁ বাটার মোড়ে সনাতনী ঐক্য মঞ্চের পক্ষ থেকে পথ অবরোধ করা হয়। অবিলম্বে চিন্ময়কৃষ্ণের মুক্তিরও দাবি জানানো হয়েছে। প্রায় আধ ঘন্টা এই বিক্ষোভ চলে।

দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপের বাসন্তী ময়দান ও বামুনের মোড় থেকে হিন্দু সুরক্ষা বাহিনী প্রতিবাদ মিছিল বের করে। চৌরাস্তার মোড়ে প্রতিবাদ সভার আয়োজন করা হয়। মিছিলে পা মেলান বহু মানুষ।

---

প্রকাশ্যে দল বিরোধী মন্তব্য করায় ভারতপুরের বিধায়ক হুমায়ুন কবিরকে তৃণমূল কংগ্রেস শোকজ করেছে। এদিন বিধায়সভায় পরিষদীয় দলের রুদ্ধদ্বার বৈঠকের পর এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে ছিলেন শোভনদেব চট্টোপাধ্যায়, চন্দ্রিমা ভট্টাচার্য্য, ফিরহাদ হাকিম, অরূপ বিশ্বাস সহ শৃঙ্খলারক্ষা কমিটির অন্যান্য সদস্যরা। আগামী তিনদিনের মধ্যে হুমায়ুন কবিরকে শোকজের জবাব দিতে বলা হয়েছে। তবে দলের শোকজ সত্ত্বেও নিজের অবস্থানে অনড় হুমায়ুন কবির। দলে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের গুরুত্ব আরও বাড়ানোর পক্ষে সওয়াল করে তিনি কোনো ভুল করেননি বলে এদিনও দাবি করেন ভারতপুরের বিধায়ক।

---

কলকাতার রেড রোডে আজ এক পথ দুর্ঘটনায় চালক সহ তিনজন আহত হয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে, আজ দুপুরে অত্যন্ত দ্রুত গতিতে থাকা চার চাকা গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ডিভাইডারে ধাক্কা দিয়ে উল্টে যায়। আহতদের এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হলে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়।

---

শিলিগুড়ি মহকুমার বিধাননগরের সইদাবাদে খেলার ছলে লাগা অগ্নিকান্ডে এক শিশু প্রাণ হারিয়েছে। জানা গেছে, চার বছরের গুডবিন নাগ ও তার দাদা খেলার ছলে খড়ের গাদায় আগুন ধরিয়ে তার ভিতর ঢুকে পড়ে। কয়েক মুহূর্ত বাদে দাদা বেরিয়ে এলেও বেরতে পারেনি গুডবিন। ৫ বছরের দাদা শত চেষ্টা করলেও শেষ রক্ষা হয়নি। এই ঘটনায় গোটা এলাকায় শোকের ছায়া।

---

পশ্চিমী ঝঞ্ঝার প্রভাব ছাড়াও উত্তরবঙ্গের ওপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। এর ফলে সপ্তাহান্তে উপকূল সংলগ্ন জেলাগুলিতে হাল্কা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। পাহাড়ের জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে হাল্কা বৃষ্টির সম্ভাবনা।

এদিকে সমগ্র দক্ষিণবঙ্গে শীতের আমেজ অনুভূত হচ্ছে। আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে কিছুটা কম। সর্বোচ্চ তাপমাত্রা ২৭ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে, যা স্বাভাবিকের থেকে এক দশমিক ৮ ডিগ্রি কম।

---

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএএল ফুটবলে মহামেডান স্পোর্টিং, বেঙ্গালুরু এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে মহামেডান স্পোর্টিং ১ গোলে এগিয়ে রয়েছে।

---

সৈয়দ সুস্তাক আলি ট্রফিতে আজ মিজোরামকে ৮ উইকেটে হারিয়ে দিয়েছে বাংলা। প্রথমে ব্যাট করে মিজোরাম ১৫৭ রান করে। জবাবে অভিষেক পোরেল ও করণলালের দুর্দান্ত ব্যাটিং-এর সুবাদে মাত্র ২ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় বাংলা।

---